অভাবে যুক্তি ও ব্যাখ্যা প্রভৃতি জানিবার অভিপ্রায়ে কেহ কেহ বহুগুরু আশ্রয় করিয়া থাকেন। এস্থানে গুরু শব্দে শ্রবণগুরু অর্থই বুঝিতে হইবে। যেহেতু ভজন-দীক্ষাগুরুর বহুত্ব অভীষ্টসাধক হয় না। বহু শ্রবণগুরু আশ্রয়ের প্রমাণ ১১।৯ অধ্যায়ে অবধূত মহাশয়ের উক্তিতে পাওয়া যায়। এক গুরু হইতে পারমার্থিক জ্ঞান সুস্থির ও পূর্ণ হয় না। যেহেতু একই অদ্বিতীয় ব্রহ্মকে বুঝাইবার জন্য ঋষিগণ ভিন্ন প্রকারের যুক্তির অবতারণা করিয়াছেন ॥ ২০৩ ॥

এই শ্লোকটী শ্রীদত্তাত্রেয় ভগবান্ যদু মহারাজকে বলিয়াছেন ॥ ২৪৪ ॥

তন্মধ্যে রুচিপ্রধান ভক্তিসাধকগণের শ্রবণাদির প্রকার ১।৫ অধ্যায়ে শ্রীপাদ দেবর্ষি নারদ শ্রীকৃষ্ণ দ্বৈপায়নকে বলিয়াছেন—হে মুনিবর! আমি সেই ঋষিগণের আশ্রমে থাকিয়া তাঁহাদেরই অনুগ্রহে প্রতিদিন মুনিগণ যে মনচুরিকরা শ্রীকৃষ্ণকথা কীর্ত্তন করিতেন, তাহাই শ্রবণ করিতাম। শ্রদ্ধাপূর্ব্বক সেই শ্রীকৃষ্ণকথার প্রতি অক্ষর বিশেষ মনোযোগের সহিত শ্রবণ করিতে করিতে আমার প্রিয়শ্রবা শ্রীহরিতে রতির উদয় হইয়াছিল—ইত্যাদি উক্তপ্রকার শ্রবণই রুচিপ্রধান সাধকগণের অনুকূল। বিচারপ্রধান সাধক-গণের চতুঃশ্লোকী প্রভৃতি তত্ত্ববিচারপর অংশই অনুকূল হইয়া থাকে। তাঁহাদিগের মননের প্রকারও যেমন "ভগবান ব্রহ্ম কার্ৎস্ন্যেন" ইত্যাদি শ্লোকে উল্লেখ করা আছে, সেই প্রকার মননই তাঁহাদিগের অনুকূল অর্থাৎ ভগবান ব্রহ্মা নির্ব্বিকারচিত্তে সম্পূর্ণ বেদকে নিজের প্রজ্ঞাবিধিবলে তিনবার অনুশীলন করিয়া সারমর্ম্ম বুঝিয়াছিলেন—বেদের মুখ্য উপদেশ তাহাই। শ্রীহরিতে যাহাতে রতির উদয় হয়। অর্থাৎ তিনি (ব্রহ্মা) সমস্ত বেদের মুখ্য উপদেশ যে সাধন করিলে শ্রীহরিতে রতির উদয় হয়, সেই সাধনটিই করা কর্ত্তব্য—ইহাই বুঝিয়াছিলেন। অনন্তর সেইজাতীয় বিচার হইতে শ্রীভগবানে যে প্রকারের শ্রদ্ধার উদয় হইয়া থাকে, তাহাও শ্রীপৃথুমহারাজের উক্তিতে সুস্পষ্টরূপে উল্লেখ করা হইয়াছে ॥ ২০৫ ॥

হে অর্হত্তমা যজ্ঞপতির্ণাম সর্ব্বকর্ম্মফলদাতৃত্বেন শ্রুতিপ্রতিপাদিতঃ পরমেশ্বরঃ কেষাঞ্চিৎ শ্রুত্যর্থতত্ত্বজ্ঞানাং মতে তাবদস্তি তথাপি বিপ্রতিপত্তের্ণ তৎসিদ্ধিবিত্যাশঙ্ক্য তত্র জগদ্বৈচিত্র্যান্যথানুপপত্তিপ্রমানমপ্যুদ্বলকমিত্যাহ ইহ প্রত্যক্ষেণ মুত্র শাস্ত্রেণ তদ্বদিত্যনুমানেন চ জ্যোৎস্নাবত্তঃ কান্তিমন্তো ভুবভৌবভূময়ো দেহাশ্চ ক্বচিদেব উপলভ্যন্তে নতু সর্ব্বত্রেতি অয়ং ভাবঃ। ন বা জড়স্য তৎকর্ম্মণ স্তভৎফল দাতৃত্বং ঘটতে, ফলমত উপপত্তেরিতি ন্যায়াৎ। নচার্ব্বাকৃদেবতানাং স্বাতন্ত্রম্ অন্তর্য্যামী শ্রুতেঃ। ন চ কর্ম্মসাম্যে ফলতারতম্য ক্বচিচ্চ তদসিদ্ধি সম্ভবতি। অতঃ স্বতন্ত্রেণ